

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৬৫

আগরতলা, ১৬ মে, ২০২৪

প্রাক্তন রাজ্যপাল ড. কমলা বেনিওয়ালের প্রয়াণে রাজ্যপালের শোক

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাথু রাজ্যের প্রাক্তন রাজ্যপাল ড. কমলা বেনিওয়ালের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় রাজ্যপাল বলেন, ড. কমলা বেনিওয়ালজীর মৃত্যুর খবর জেনে আমি মর্মান্বিত। তিনি ১৫ অক্টোবর, ২০০৯ থেকে ২৬ নভেম্বর, ২০০৯ পর্যন্ত ত্রিপুরার রাজ্যপালের দায়িত্বে ছিলেন। তিনি গুজরাট এবং মিজোরামের রাজ্যপালও ছিলেন। তাছাড়া তিনি রাজস্থানের উপ মুখ্যমন্ত্রীর দায়িত্বও পালন করেছেন।

শোকবার্তায় রাজ্যপাল বলেন, প্রয়াত ড. কমলা বেনিওয়াল সাধারণভাবে জীবনযাপন করতেন এবং দেশ সেবায় নিজেকে উৎসর্গ করেছিলেন। ত্রিপুরার রাজ্যপাল থাকাকালীন সময়ে তিনি ত্রিপুরার মানুষের অগ্রগতিতে কাজ করেছেন। তাঁর প্রয়াণ এক বড় ক্ষতি। শোকবার্তায় প্রয়াতের পরিবার পরিজনদের প্রতি রাজ্যপাল সমবেদনা জানিয়েছেন এবং আত্মার চিরশান্তি কামনা করেছেন।

\*\*\*\*\*